

## উপজেলা কৃষি ও সেচ কমিটির দ্বিমাসিক সভা।

সভাপতি : জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।  
তারিখ : ০৪/১১/২১ খ্রিঃ।  
সময় : ১১.০০ ঘটিকা।  
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়।

### উপস্থিত সদস্য বৃন্দ :

- ১। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ - (সদস্য)
- ২। চেয়ারম্যান ৩নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ - (সদস্য)
- ৩। চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ- (সদস্য)
- ৪। উপজেলা কৃষি অফিসার, বটিয়াঘাটা, খুলনা - (সদস্য সচিব)

উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সদস্য সচিবকে বিগত সভার কার্যবিবরণী পাঠ পূর্বক কার্যপত্র অনুসারে বর্তমান সভায় আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি বর্তমান সভার আলোচনা শুরু করেন।

### আলোচনা-০১ : রোপা আমন ধানের বর্তমান অবস্থা।

সদস্য সচিব সভায় জানান যে, এ বছর উপজেলায় মোট ১৭৬০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের চাষ হয়েছে। এর মধ্যে হাইব্রিড ৮০ হেক্টর, ৮০২০ হেক্টর উফশী এবং ৯৫০০ হেক্টর স্থানীয় জাতের রোপা আমন ধান। বর্তমানে ফসলের সার্বিক অবস্থা ভালো। ভবিষ্যতে কোন প্রাকৃতিক দুর্যোগ বা পোকামাকড়ের আক্রমণ না হলে আশানুরূপ ফলন পাওয়া যেতে পারে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা সভা ও উঠান বৈঠকের মাধ্যমে কৃষকদের প্রতিনিয়ত ফসল রক্ষার সার্বিক বিষয়ে পরামর্শ দিয়ে চলেছেন। কৃষকদের এ বিষয়ে আরও সচেতন করার লক্ষ্যে উপজেলা কৃষি অফিসার মহোদয় কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিদ্ধান্ত : ০১

উপজেলা কৃষি অফিসার মহোদয় এ ব্যাপারে উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সদস্যসহ উপজেলা সমন্বয় কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন।

### আলোচনা-০২ : চুইঝাল আবাদ বিষয়ক প্রশিক্ষণ।

সদস্য সচিব সভায় জানান যে, উপজেলায় কৃষকদের মাঝে চুইঝাল চাষে ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে বিধায় চুইঝাল চাষের উপর কৃষকদের প্রশিক্ষণ প্রয়োজন। এ লক্ষ্যে ইউজিডি প্রকল্পের আওতায় উপজেলায় ০৫ ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিদ্ধান্ত : ০২

০৫ ব্যাচ কৃষক প্রশিক্ষণের বিষয়টি আগামী উপজেলা সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্ত-০৩ : রবি ফসল চাষাবাদ বিষয়ক আলোচনা।

উপজেলা কৃষি অফিসার মহোদয় সভায় জানান যে, গত বছর উপজেলায় ৫৪০০.০০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছিল। এবছর বোরো ধানের আবাদ প্রায় দ্বিগুণসহ অন্যান্য ফসল বিশেষ করে তরমুজ আবাদ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। এলাকার কৃষকেরা মৌসুমের শুরুতে যাতে আধুনিক পদ্ধতিতে রবি ফসল চাষ ও সঠিক পরিচর্যা করেন সে লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বটিয়াঘাটা, খুলনা, দলীয় আলোচনা, উঠোন বৈঠক ইত্যাদির মাধ্যমে কৃষকদের সচেতন করে চলেছেন। এ কাজে জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করা হয়।

সিদ্ধান্ত : ০৩

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাসহ সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনপ্রতিনিধিদের সাহায্যে কর্মতৎপরতা চালিয়ে যাবার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



নিতাই গাইন

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ


বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং : ১২.১০.০০০০.১২০.৯৯.০১৩.২০১৯/২২৫

তারিখ : ০৪/১১/২০২১ খ্রিঃ

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। চেয়ারম্যান, ৩ নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। চেয়ারম্যান, ৬ নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

  
উপজেলা কৃষি অফিসার  
বটিয়াঘাটা, খুলনা।